College - Ramsaday College, Amta, Howrah
Content type - PDF
Dept. - Bengali
Teacher - Ramu Karmakar.
Option - BNG-G, SEM-4, CC/GE-4, M-3

সংকলন : রবীন্দ্রনাথ ঠাকুর

কেকাধ্বনি

"ঐ কেকারব — বর্ষাঋতুর নিখাদ সুর, তাহার আওয়াজ কিছু মেঘের তীব্র ইহাতে মিলাইয়া যায়" —

পৃথিবীতে সুমিষ্ট ধ্বনিতেই সর্বদা প্রাধান্য দেওয়া হয়ে থাকে। সাধারণ মানুষ সুমিষ্ট ঐ ধ্বনিকেই সমাদর করে। মিষ্ট কণ্ঠধ্বনি সমাদরণীয়, কিন্তু কর্কশ ধ্বনিও যে মিষ্ট ধ্বনির মতোই যথেষ্ট সমাদরণীয়, তা বোঝা যায় কেকাধ্বনির প্রসঙ্গে। কেকাধ্বনির কর্কশতা সাধারণ মানুষ সহ্য করতে পারে না, কিন্তু কবিরা পরম আদরে সেই কর্কশ ধ্বনিকে তাঁদের কাব্যে স্থান দিয়েছেন।

কবির জীবনবোধে, তাই মিষ্টতার পাশাপাশি কর্কশতাকেও স্থান দিয়েছেন। এই মিষ্টতার আবেদন মনের কাছে নয়, ইন্দ্রিয়ের কাছে। এই মিষ্টতার অনুভূতি যেহেতু ইন্দ্রিয়লব্ধ, তাই মন তাকে অবজ্ঞা করে। যে গায়কের কণ্ঠস্বর মিষ্টি, তিনি মিষ্ট গান পরিবেশন করে সাধারণ শ্রোতার প্রশংসা লাভ করেন, কিন্তু প্রকৃত সমঝদার এই মিষ্ট গানকে কোনো গুরুত্ব দেয় না। মার্জিত রুচি ও শিক্ষিত মনের দরবারে সেই গান কোনো প্রবেশ করে না। যিনি গানের যথার্থ সমঝদার তিনি জানেন, এই গানের মধ্যে শুধু মিষ্টতা আছে, ইন্দ্রিয়ানুভূতির মধ্যে এর অস্তিত্ব, অতীন্দ্রিয় বোধ অনুভূতির মধ্যে এর কোনো অস্তিত্ব নেই।

কোনো কিছুতে যদি বাইরের মিষ্টতা মিশে যায়, তবে সেজিনিসের দাম কমে যায়। যা সহজেই মিষ্ট, তাতে অতিশীঘ্র মনে আলস্য নিয়ে আসে। তা দিয়ে বেশিক্ষণ মনোযোগ দেওয়া যায় না। মানুষ কোনো বিষয়ে শিক্ষালাভ করলে তার গভীরে সর্বদা যেতে চায়, তার গোড়ার দিকের নিতান্ত সহজ ও ললিত অংশগুলোকে সে আর কোনো গুরুত্ব দেয় না। নিতান্ত সহজ ও ললিত অংশের সীমা তার জানা হয়ে গেছে, তাই এতে তার মনের মধ্যে কোনো অনির্বচনীয় অনুভূতি জাগে না। অথচ অশিক্ষিত মানুষের কাছে সেই সহজ ললিত অংশ-

Scanned with CamScanner

দুটোই তেমন, এই অগভীর অংশের মধ্যেই যে আনন্দ লাভ করে। সমঝদার ও অশিক্ষিত মন গভীর অংশের মধ্যে যে আনন্দ পায়, সেই আনন্দকে যে অদ্ভুত ব্যাপার বলে মনে হয়। অনেক সময় তাদের কৌতুকের আড়ম্বর বলে মনে করে। শিক্ষিত মানুষ কবিতার গভীর অংশে, যার মধ্যে হয়তো মিষ্টতা নেই, তার মধ্যেই শুধু আনন্দলাভ করে, আর অশিক্ষিত মানুষ অগভীর অংশে সহজ মিষ্টতার মধ্যেই আনন্দ লাভ করে।

Scanned with CamScan